



ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি

রাউতাইল, ঝিনাইদহ

ফোনঃ ০৪৫১-৬২৬০৫ (Office)

ISO 9001:2015 Certified. ফ্যাক্সঃ ০৪৫১-৬২৬১৫, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com



স্মারক নং ২৭.১২.৪৪১৯.৫৪৮.০২.০১৯.২০. **৫৬৮৮**

তারিখঃ

২১ আশ্বিন '১৪২৭ বঙ্গাব্দ
০৬ অক্টোবর' ২০২০ খ্রিঃ

বিষয়ঃ কর্মকর্তা/কর্মচারীগণের গোষ্ঠী বীমা করণের নিমিত্তে দরপত্র পুনঃ (RFQ) আহ্বান প্রসঙ্গে।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির ২৭৫ জন নিয়মিত কর্মকর্তা/কর্মচারীগণের (চুক্তি ভিত্তিক লাইনক্রসহ) জন্য আগামী ০১ (এক) বৎসর মেয়াদী গোষ্ঠী বীমার আওতায় বীমা কাজ সম্পাদন জন্য স্টক এক্সচেঞ্জ এর সদস্যভুক্ত বাংলাদেশের প্রকৃত লাইফ ইন্সুরেন্স কোম্পানীর নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে (বীমা দাবী পরিশোধের বিস্তারিত সুবিধাদি উল্লেখসহ) সীল মোহরকৃত খামে পুনঃ (RFQ) আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	বীমার বিবরণ	নিয়মিত কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা (চুক্তি ভিত্তিক লাইনক্রসহ)	মোট বীমা অংক (টাকা)	প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার (টাকা)	মোট বার্ষিক প্রিমিয়াম (টাকা)
০১	ADB (Accidental Death Benefit) সহযোগী বীমাসহ গ্রুপ সাময়িক জীবন বীমা GTLI (Group Term Life Insurance) (সর্বপ্রকার মৃত্যুঝুঁকি/স্থায়ী অঙ্গহানী/আংশিক অঙ্গহানী বীমা) বীমা অংকঃ প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের ২৪ মাসের মূল বেতনের সমপরিমাণ বা সর্বোচ্চ ৫ লক্ষ টাকা।	২৭৫ জন	১৩,৫৭,৬৪,০০০.০০ (তের কোটি সাতান লক্ষ চৌষট্টি হাজার)		

কথায়ঃ

শর্তাবলীঃ

- ০১) দরপত্র সমূহ আগামী ১৩/১০/২০২০খ্রিঃ তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ ১৩/১০/২০২০খ্রিঃ তারিখ বেলা ১২:৩০ ঘটিকার সময় উল্লেখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২) দরপত্রের বিপরীতে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র, ব্যাংক সলভেন্সি সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা ও ফ্লুইড ব্যবহার করা গ্রহণযোগ্য হবে না।
- ০৩) দরপত্রে উদ্ধৃত প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার ও মোট বার্ষিক প্রিমিয়াম স্পষ্টাক্ষরে লিখিত হবে। দরপত্রের প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার ও মোট বার্ষিক প্রিমিয়াম উদ্ধৃত দরের মধ্যে গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে প্রতি হাজার বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে।
- ০৪) দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “ঝিনাইদহ পবিসের কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ সাময়িক জীবন বীমার পুনঃ কোটেশন” কথাটি লিখতে হবে।

চলমান পাতা-০২

✓

✍

- ০৫) দরপত্রে অংশগ্রহনকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে কোটেশনের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, ভ্যাট নিবন্ধন এবং আয়কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।
- ০৬) সর্বনিম্ন ও রেসপনসিভ দরদাতা জীবন বীমা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে চুক্তি সম্পাদন করতঃ প্রিমিয়াম বাবদ অর্থ প্রাপকের খাতে প্রদেয় চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
- ০৭) অত্র সমিতির কর্মরত নিয়মিত কর্মকর্তা/ কর্মচারীগণের (চুক্তি ভিত্তিক লাইনক্রুসহ) কর্মকালীন সময়ে মৃত্যুবরণ করলে তাঁর উত্তরাধিকারগণকে সর্বশেষ আহরিত মাসের মূল বেতনের ২৪ গুণ অথবা সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা জীবন বীমা প্রতিষ্ঠানকে দ্রুততার সাথে মৃত দাবী হিসেবে পরিশোধ করতে হবে।
- ০৮) প্রতিষ্ঠানে নতুন কোন কর্মকর্তা/ কর্মচারী যোগদান অথবা চাকুরী স্থানান্তরের কারণে অত্র পবিস এ বদলী করা হলে তাদেরকে উক্ত গোষ্ঠী সাময়িক জীবন বীমা আওতায় আনা হবে। অত্র পবিস এর গোষ্ঠী সাময়িক জীবন বীমার আওতায় চুক্তিবদ্ধ কোন কর্মকর্তা/ কর্মচারী অন্য পবিসে বদলী করা হলে তিনিও ক্রমিক নং-০৭ এ বর্ণিত সুবিধা পাবেন।
- ০৯) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বীমা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১০) বিনাইদহ পবিস কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১১) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।
- ১২) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কতৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৩) আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি বিনাইদহ পবিসের ওয়েব সাইটে pbs.jhenaidah.gov.bd দেখতে পারবেন।

স্বাঃ/-


(মোঃ ইছাহাক আলী)

জেনারেল ম্যানজোর (চঃদাঃ)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমসূত্রে নয়)।

- ০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২) জেলা প্রশাসক, বিনাইদহ।
- ০৩) পুলিশ সুপার, বিনাইদহ।
- ০৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, যশোর জোন, যশোর।
- ০৫) সিনিয়র জেনারেল ম্যানজোর/ জেনারেল ম্যানজোর-----পবিস-১/২/৩/৪।
- ০৬) মেয়র, পৌরসভা কার্যালয়, বিনাইদহ।
- ০৭) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, বিনাইদহ।
- ০৮) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, বিনাইদহ।
- ০৯) উপজেলা নির্বাহী অফিসার, বিনাইদহ।
- ১০) ডিজিএম, কালীগঞ্জ/ শৈলকুপা/ মহেশপুর/ সদর-কারিগরী, বিনাইদহ পবিস।
- ১১) এজিএম (ওএন্ডএম), হরিণাকুন্ডু/ কোটচাঁদপুর সাব-জোনাল অফিস, বিনাইদহ পবিস।
- ১২) এজিএম (অর্থ), বিনাইদহ পবিস।
- ১৩) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), বিনাইদহ পবিস-বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।
- ১৪) মেসার্স-----।
- ১৫) নোটিশ বোর্ড, বিনাইদহ পবিস।
- ১৬) অফিস কপি/ মাস্টার কপি।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।


(মোঃ ইছাহাক আলী)

জেনারেল ম্যানজোর (চঃদাঃ)